

বেলিডের নতুন কমিটি : মোস্তাফিজুর চেয়ারম্যান শশাংক মহাসচিব

জাগো নিউজ ডেস্ক

প্রকাশিত: ০৭:২৫ পিএম, ০৩ মে ২০১৬, মঙ্গলবার

ড. মো. মোস্তাফিজুর রহমানকে চেয়ারম্যান ও শশাংক কুমার সিংহকে মহাসচিব করে বাংলাদেশ গ্রন্থাগার ও তথ্যায়নবিদ সমিতির (বেলিড) ২০১৬-১৭ বছরের নতুন কমিটি গঠিত হয়েছে।

গত ১ মে ঢাকা আহসানিয়া মিশন অডিটোরিয়ামে বেলিডের দ্বিবার্ষিক সভা শেষে এ কমিটি গঠিত হয়। সভায় দিনব্যাপী আলোচনায় গত পরিষদের কার্য-প্রতিবেদন, অর্থ প্রতিবেদন, বাজেট প্রস্তাবনা ইত্যাদি উপস্থাপিত হয়। অনুষ্ঠানে সংবিধান সংশোধনী বিষয়ক বিস্তারিত আলোচনা শেষে কিছু সংশোধনী গৃহীত হয়।

বৈকালিক সেশনে ড. আব্দুস সাত্তারের নেতৃত্বে তিন সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন বেলিড কার্যকরী পরিষদ ২০১৬-১৭ নির্বাচন পরিচালনা করেন। বেলিডের বিভিন্ন সদস্যের কাছ থেকে প্রাপ্ত মনোনয়ন ও সমর্থনের কমিটি নির্বাচন করা হয়। কমিটির সদস্যরা হলেন- ড. মো. মোস্তাফিজুর রহমান (সভাপতি), হাজেরা রহমান, নমিতা আক্তার মুক্তি, হুমায়ুন কবির (সহ সভাপতি) শশাংক কুমার সিংহ (মহাসচিব), আলম হোসেন (যুগ্ম সম্পাদক), এ কে এম নুরুল আলম অপু (কোষাধ্যক্ষ), আহসান হাবীব (সংস্থাপন সচিব), মো. শফিউর রহমান (গবেষণা সচিব), কাজী ফরহাদ নোমান (প্রকাশনা ও জনসংযোগ সম্পাদক), ড. মো. রেজাউল ইসলাম, মো. হোছাম হায়দার চৌধুরী, শামসুল্লাহর খান, রেজিনা আখতার, রেখা ইয়াসমিন, মো. ফজলুর রহমান ও মো. জাহাঙ্গীর আলম (সদস্য)।

এনএফ/এবিএস

সম্পাদক : সাজন মাহমুদ
একসি প্রাইভেট লিমিটেডের একটি প্রতিষ্ঠান

হোসেন মার্কেট (৯ম তলা), চ-৭৪ প্রগতি সরণি, বাড্ডা, ঢাকা-১২১২
ফোন: ৮৮ ০২ ৯৮৪২৬৮৯ ফ্যাক্স: ৮৮ ০২ ৯৮৪২১৭৬
ই-মেইল: info@jagone24.com, jagone24@gmail.com

DMCA PROTECTED (http://www.dmca.com/Protection/Status.aspx?ID=f3f17389-5a9d-49f0-8e04-

2d378f0e2c87&refurl=http://www.jagone24.com/national/news/96797/%E0%A6%AC%E0%A7%87%E0%A6%B2%E0%A6%BF%E0%A6%A1%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%A8%E0%A6%A4%E0%A7%81%E0%A6%A8-%E0%A6%95%E0%A6%AE%E0%A6%BF%E0%A6%9F%E0%A6%BF--%E0%A6%AE%E0%A7%8B%E0%A6%B8%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%BE%E0%A6%AB%E0%A6%BF%E0%A6%9C%E0%A7%81%E0%A6%B0-%E0%A6%9A%E0%A7%87%E0%A7%9F%E0%A6%BE%E0%A6%B0%E0%A6%AE%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%A8-%E0%A6%B6%E0%A6%B6%E0%A6%BE%E0%A6%82%E0%A6%95-%E0%A6%AE%E0%A6%B9%E0%A6%BE%E0%A6%B8%E0%A6%9A%E0%A6%BF%E0%A6%AC) জাগো নিউজে প্রকাশিত/প্রচারিত সংবাদ, আলোকচিত্র, ভিডিওচিত্র, অডিও বিনা অনুমতিতে ব্যবহার করা বেআইনি